

## প্রেস বিজ্ঞপ্তি

তারিখ: ০১/০৫/২০২৩

বরাবর

বার্তা সম্পাদক/প্রধান প্রতিবেদক/এসাইনমেন্ট অফিসার

মহোদয়,

মহান মে দিবস-২০২৩ ও কর্মজীবী নারী'র ৩৩তম প্রতিষ্ঠা বার্ষিকীর শুভেচ্ছা নিন!

১৯৯১ সালে ১ মে কর্মজীবী নারী'র প্রাতিষ্ঠানিক সূচনার শুরু থেকেই প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক খাতের শ্রমজীবী নারীদের অধিকার আদায়ের লক্ষ্যে কাজ করে আসছে এবং সংগঠনটি নারীর রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক ক্ষমতায়নের লক্ষ্যেও কাজ করছে।

কর্মজীবী নারী প্রতিষ্ঠাবার্ষিকী ও মহান মে দিবস-২০২৩ উপলক্ষে 'সকল ক্ষেত্রে অধিকার মর্যাদায় নারী থাকবে পৃথিবীর বৃহৎ আঙিনায় এবং সকল শ্রমিকের জন্য জাতীয় ন্যূনতম মজুরি ঘোষণা কর' এই প্রতিপাদ্যের উপর সমাবেশের আয়োজন করেছে। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন কর্মজীবী নারী'র প্রতিষ্ঠাতা সভাপতি শিরীন আখতার এমপি। উক্ত অনুষ্ঠানে বিভিন্ন শ্রেণি-পেশার শ্রমিক নেতৃবৃন্দ ও শ্রমিক ভাই-বোনেরা অংশগ্রহণ করবেন।

অনুষ্ঠান : **র্যালি ও সমাবেশ**

বিষয় : "সকল ক্ষেত্রে অধিকার মর্যাদায় নারী থাকবে পৃথিবীর বৃহৎ আঙিনায় এবং সকল শ্রমিকের জন্য জাতীয় ন্যূনতম মজুরি ঘোষণা কর"

তারিখ, স্থান ও সময় : **১ মে ২০২৩, সোমবার, সকাল ৯ টা- ১০ টা পর্যন্ত**  
জিরো পয়েন্ট, পল্টন, ঢাকা-১০০০

অনুগ্রহপূর্বক উক্ত আয়োজনে আপনার বহুল প্রচারিত জাতীয় দৈনিক / দর্শক নন্দিত টেলিভিশন চ্যানেল / বার্তা সংস্থার পক্ষ থেকে একজন প্রতিবেদক ও একজন চিত্র সাংবাদিক / ক্যামেরা ক্রু পাঠানোর অনুরোধ করছি।

আপনাদের অব্যাহত সহযোগিতার জন্য ধন্যবাদ।

বার্তা প্রেরক

জারিন তাসনিম

প্রকল্প সমন্বয়ক

কর্মজীবী নারী

০১৯১৪৩৫৭১২০